ঝিনাইদহে বিনামূল্যে ৩ হাজার রোগিকে চিকিৎসা দিলেন দেড়’শ চিকিৎসক

ঝিনাইদহে ফ্রি মেডিকেল ক্যাম্পে ৩ হাজার রেগিকে চিকিৎসা সেবা প্রদাণ করা হয়েছে।

শুক্রবার দিনব্যাপী সরকারি কেসি কলেজে এ ক্যাম্পের আয়োজন করে ঢাকাস্থ ঝিনাইদহ অফিসার্স ফোরাম। বর্ণাঢ্য আয়োজনের মধ্যে দিয়ে ক্যাম্পের উদ্বোধন করেন স্বাস্থ্য সচিব মোঃ আসাদুল ইসলাম।

ক্যাম্প উদ্বোধন কালে প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্য সচিব মোঃ আসাদুল ইসলাম বলেন, সরকারি স্বাস্থ্য সেবা মানুষের দোর গোড়ায় পৌছে দেওয়া হচ্ছে। সম্পদের অভাব নেই, শুধু প্রয়োজন উদ্যোগ ও আন্তরিকতার।

সরকারি কেসি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. বিএম রেজাউল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন, ডাক ও টেলি যোগাযোগ সচিব নুরুর রহমান, জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, ডাঃ প্রফেসর অলোক কুমার সাহা, স্বাস্থ্য বিভাগের খুলনা বিভাগের পরিচালক ডাঃ রাশেদা সুলতনা, সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম, উপ-সচিব মঞ্জুরুল হাফিজ, ঝিনাইদহের পুলিশ সুপার হাসানুজ্জামান (পিপিএম) ও পৌর মেয়র ও জেলা আওয়ামী লীগের সম্পাদক সাইদুল করিম মিন্টু।

পরে দিনব্যাপী দেশের বিভিন্ন জেলায় কর্মরত ৬৫ জন বিশেষজ্ঞ ডাক্তারসহ ১’শ ৪০ জন ডাক্তার রোগিদের চিকিৎসা সেবা প্রদান করেন। সেবা পেতে সকাল থেকে রোগিরা এসে কলেজ ক্যাম্পাসে ভিড় করে।

আয়োজকরা জানান, প্রায় ৩ হাজার রোগিকে সেবা প্রদান করা হয়। ব্যবস্থাপত্রসহ রোগিদের কিছু ওষুধও দেওয়া হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

কোটচাঁদপুরে ট্রাকের ধাক্কায় বাইসাইকেল আরোহী নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুরে ট্রাকের ধাক্কায় জাহিদুল ইসলাম (৪০) নামে এক বাইসাইকেল আরোহী নিহত হয়েছেন।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে পৌর শহরের রুদ্রপুর গ্রামে এ দূঘটনা ঘটে। নিহত জাহিদুল উপজেলার জগদেশপুর গ্রামের জয়নাল মন্ডলের ছেলে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানাযায়, বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে জাহিদুল ইসলাম বাড়ী থেকে বাইসাইকেল যোগে কলেজ বাসষ্টান্ড এলাকায় নিজ ব্যবসা প্রতিষ্ঠানে আসছিলেন।

এসময় পিছন দিক থেকে আসা (ঝিনাইদহ-ট-১১-১৩৩৫) নাম্বারের একটি ট্রাক তাকে সজোরে ধাক্কা দিলে রাস্তার উপর ছিটকে পড়ে। এবং মাথায় গুরতর আঘাত পান।

স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

কোটচাঁদপুর থানার ইন্সপেক্টর (তদন্ত) ইমরান আলম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, এঘটনায় কোটচাঁদপুর থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে।

- কোটচাঁদপুর প্রতিনিধি

ঝিনাইদহের ঘোড়শাল ইউনিয়নে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

ঝিনাইদহ সদর উপজেলা ঘোড়শাল ইউনিয়নে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে ইউনিয়ন পরিষদে উদ্যেগে গরীব অসহায় মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন ঘোড়শাল ইউনিয়নের চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টন, ইউপি সচিব কামরুজ্জামান, ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক রণজিৎ কুমার বিশ্বাস, ইউনিয়ন পরিষদের সকল ওয়ার্ডের সদস্য বৃন্দসহ আওয়ামীলীগ,যুবলীগ, কৃষকলীগ, ছাত্রলীগের নেতাকর্মীবৃন্দ। পরে শীতার্তদের মাঝে ৪ শতাধিক কম্বল বিতরণ করা হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে জেলা পর্যায়ে ইনোভেশন শোকেসিং অনুষ্ঠিত

“অনুকরণ নয়, উদ্ভাবন” এ প্রতিপাদ্যকে সামনে নিয়ে ঝিনাইদহে নাগরিক সেবায় উদ্ভাবনী উদ্যোগ সমূহের জেলা পর্যায়ের ইনোভেশন শোকেসিং অনুষ্ঠিত হয়েছে।

জেলা প্রশাসনের আয়োজনে বৃহস্পতিবার দুপুরে জেলা শিশু একাডেমিতে এ প্রদর্শনীর উদ্বোধন করেন ঝিনাইদহ-মাগুরা সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম।
এ উপলক্ষে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। জেলা প্রশাসক সরোজ কুমার নাথ’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এটুআই প্রোগ্রামের প্রকল্প পরিচালক ড. আব্দুল মান্নান।

বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদের সচিব রেজাই রাফিন সরকার,

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রবিউল ইসলাম, সরকারী নুরুন্নাহার মহিলা কলেজের অধ্যক্ষ মনিরুল আলম, সাবেক উপধাক্ষ্য এনএম শাহজালাল, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃপাংশু শেখর, সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক শেখ আব্দুল লতিফ, পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপ-পরিচালক ডা. জাহিদ আহমেদ।

বক্তারা, সরকারের নাগরিক সেবা আরও সহজতর করতে প্রতিটি দপ্তরে সেবা প্রদাণের নুতন নতুন উদ্ভাবন করার আহ্বান জানান। আলোচনা সভা শেষে বিভিন্ন স্টল পরিদর্শন করেন অতিথিবৃন্দ।

দিনব্যাপী প্রদর্শনীতে জেলার ৬ টি উপজেলার বিভিন্ন দপ্তরের ১৮ টি স্টল স্থান পায়। যেখানে প্রদর্শণ করা হয় নানা ইনোভেশন মুলক কর্মকান্ড।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে ই-নামজারী বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

জমি গ্রহীতাদের দুর্ভোগ লাঘব করে তাদের কাঙ্খিত সেবা নিশ্চিত করার জন্য ঝিনাইদহে ই-নামজারী বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসনের আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় জেলা প্রশাসক সরোজ কুমার নাথের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এটুআই প্রোগ্রামের প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) ড. আব্দুল মান্নান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ উজ- জামান, এটুআই প্রোগ্রামের ন্যাশনাল কনসালট্যান্ট তাসলিমানুর হোসেন, এটুআই প্রোগ্রামের ইয়ং প্রফেসনাল মাসরুর মোহাম্মদ শান্ত, আব্দুল আওয়াল। অনুষ্ঠান পরিচালনা করেন জেলা প্রশাসনের আরডিসি আবু সালেহ মোহাম্মদ

হাসনাত।

আলোচনা সভা শেষে ভূমি ব্যবস্থাপনাকে স্বচ্ছতার সঙ্গে জনগণের সামনে উপস্থাপন করে সহজভাবে সেবা দান করার লক্ষ্যে জেলার ৬টি উপজেলার নির্বাহী কর্মকর্তা, সহকারী কমিশনার ভূমি, ইউনিয়ন ভূমি সহকারী ও ভূমি অফিসের কর্মকর্তাদের ই-নামজারী বিষয়ক প্রশিক্ষণ প্রদাণ করা হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে ঘোড়শাল ইউনিয়নে ওয়ার্ড আওয়ামীলীগের সম্মেলন অনুষ্টিত

ঝিনাইদহের ঘোড়শাল ইউনিয়নের ৪,৫ ও ৬ নং ওয়ার্ড আওয়ামী লীগের ত্রি-বার্ষিক কমিটি গঠন করা হয়েছে।

মঙ্গলবার সন্ধায় ইউনিয়ন পরিষদে ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যেগে এই আয়োজন করা হয়। এ সময় ওয়ার্ড আওয়ামীলীগ সভাপতি সামছুজামান মন্টু’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঘোড়শাল ইউনিয়নের চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টন।

এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ঘোড়শাল ইউনিয়নের ভারপ্রাপ্ত সভাপতি নৃত্য গোপাল শিকদার, সাধারণ সম্পাদক রণজিৎ কুমার বিশ্বাস, কৃষকলীগের নেতা প্রভাত রঞ্জন বিশ্বাসসহ ছাত্রলীগ, যুবলীগের নেতাকর্মীবৃন্দ।

এ সময় ৪নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আবুল কালাম আজাদ, সাধারণ সম্পাদক আলিম মন্ডল, ৫নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আব্দুল বাতেন ও সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, ৬নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সামছুজামান মন্টু ও সাধারণ সম্পাদক মহিদুল ইসলাম পদ নির্বাচিত করে ত্রি-বার্ষিক কমিটি গঠন করা হয়। নেতৃবৃন্দ জানান, আগামী ৩ দিনের মধ্যে ৫১ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি ঘোষনা করা হবে।

প্রধান অতিথি ঘোড়শাল ইউনিয়নের চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টন বলেন,রাজনীতির পাশাপাশি সমাজকে আইনশৃংখলা শান্তিপূর্ণ রাখতে হবে।কোন মতেই সমাজে বিবাদ সৃষ্টি করা যাবে।রাজনীতির পাশাপাশি সমাজকে মাদক ও বাল্য বিবাহ মুক্ত করতে হবে।সেই জন্য সকলকে ঐক্যবদ্ধ থাকতে হবে।ইউনিয়নে বিশৃংখলাকারীকে কোন বরদাস্ত করা হবে না।

- ঝিনাইদহ প্রতিনিধি

হরিণাকুন্ডুতে দুস্থ-অসহায় নারীদের মাঝে বিনামুল্যে গরুর বাছুর বিতরণ

গাভী পালনের মাধ্যমে নারীর আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ঝিনাইদহের হরিণাকুন্ডুতে অসহায়-দুস্থ নারীদের গাভী পালন বিয়ষক প্রশিক্ষণ ও তাদের মাঝে বিনামুল্যে গরুর বাছুর বিতরণ করা হয়েছে।

সন্ধ্যায় হরিণাকুন্ডুর হরিশপুর গ্রামে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে ‘যৌথ অগ্রসরমান সৃজক সংস্থা (জাগো)।

দিনব্যাপী প্রশিক্ষণ শেষে হরিশপুর গ্রামের ৭ জন দুস্থ-অসহায় নারীর মাঝে গরুর বাছুর বিতরণ করা হয়।

হরিণাকুন্ডুর জোড়াদহ ইউনিয়নের চেয়ারম্যান নাজমুল হুদা পলাশ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা: মশিউর রহমান, লালন একাডেমী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জালাল উদ্দীন, যৌথ অগ্রসরমান সৃজক সংস্থা (জাগো)’র নির্বাহী পরিচালক সাজ্জাদুল শরীফ।

অনুষ্ঠানে আলোচনা সভা শেষে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অর্থায়নে

৭ জন দুস্থ-অসহায় নারীর মাঝে গরুর বাছুর বিতরণ করা হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

‘মানুষ মানুষের জন্য’ এ স্লোগানে ঝিনাইদহ জেলা পুলিশের উদ্যোগে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।
মঙ্গলবার সকালে ঝিনাইদহ পুলিশ সুপারের কার্যালয় চত্বরে এ কম্বল বিতরণ করা হয়।
এসময় জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, পুলিশ সুপার মো: হাসানুজ্জামান (পিপিএম)সহ জেলা পুলিশের উর্দ্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
এসময় পুলিশ সুপার মো: হাসানুজ্জামান বলেন, আমাদের সামান্য সহযোগিতায় একজন শীতার্ত মানুষ পেতে পারে উঞ্চতার ছোঁয়া। লাঘব হতে পারে অনেকের কষ্ট। তাই অসহায়, দুঃস্থ ও শীতার্ত মানুষের পাশে দাঁড়িয়ে আমাদের মানবতার সেবায় এগিয়ে আসতে হবে। পরে সদর উপজেলার অর্ধশতাধিক দুস্থ: অসহায়দের মাঝে কম্বল বিতরণ করা হয়।
– ঝিনাইদহ প্রতিনিধি